কালের কণ্ঠ

24 JUL 2017



সার্বিক ফলাফল খারাপ হলেও ব্যক্তিগত সাফল্যে বাঁধভাঙা উচ্ছ্বাস। ভিকারুননিসা ক্যাম্পাসে গতকাল।

## এইচএসসিতে কমেছে পাস ও জিপিএ ৫

# সুষ্ঠু মূল্যায়নের প্রভাব ফলে

শরীফুল আলম সুমন ▷

এইচএসসি ও সমমানের পরীক্ষায় গত বছরের তুলনায় এবার পাসের হার কমেছে ৫.৭৯ শতাংশ। জিপিএ ৫-এর ক্ষেত্রে অনেকটা বিপর্যয়ই ঘটেছে। আগের তুলনায় জিপিএ ৫ কম পেয়েছে ২০ হাজার ৩০৭ জন। ২০০৮ সাল থেকে গত ১০ বছরের মধ্যে এবারই পাসের হার সবচেয়ে কম এসেছে। জিপিএ ৫ প্রাপ্তিও গত পাঁচ বছরের তুলনায় এবার কম। এত দিন অভিযোগ ছিল, উদার পদ্ধতিতে খাতা মূল্যায়নের ফলে পাসও হচ্ছে ঢালাওভাবে। চলতি বছরে প্রথমে এসএসসি, এরপর এইচএসসিতেও নতুন পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন হয়। এর ফলেই পাসের হার কমেছে বলে ব্যাখ্যা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তবে সংশ্লিষ্ট অনেকেই বলছেন, পাসের হার যদিও কিছুটা কম হয়েছে, এবার যেটা হয়েছে সেটাই প্রকৃত ফল।

শিক্ষক ও সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে পাসের হার কমার পেছনে আরো কিছু যুক্তি শোনা যায়। সবচেয়ে বড় কারণ কুমিল্লা বোর্ডের ফলে বড় রকমের বিপর্যয়। গড় পাসের হারের চেয়ে এই বোর্ডে পাসের হার ১৯.৩৯ শতাংশ কম। চট্টগ্রাম বোর্ডও গড় পাসের চেয়ে ৭.৮২ শতাংশ পিছিয়ে পড়েছে। এ ছাড়া এবার ইংরেজি বিষয়

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১

| বোর্ড | পাসের হার | জিপিএ ৫ |
| --- | --- | --- |
| ঢাকা | ৬৯.৭৪% | ১৮,৯৩০ |
| রাজশাহী | ৭১.৩০% | ৫,২৯৪ |
| কুমিল্লা | ৪৯.৫২% | ৬৭৮ |
| যশোর | ৭০.০২% | ২,৪৪৭ |
| চট্টগ্রাম | ৬১.০৯% | ১,৩৯১ |
| বরিশাল | ৭০.২৮% | ৮১৫ |
| সিলেট | ৭২.০০% | ৭০০ |
| দিনাজপুর | ৬৫.৪৪% | ২,৯৮৭ |
| মাদরাসা বোর্ড | ৭৭.০২% | ১,৮১৫ |
| কারিগরি বোর্ড | ৮১.৩৩% | ২,৬৬৯ |

মোট পরীক্ষার্থী ১১,৬৩,৩৭০ জন

গড় পাসের হার ৬৮.৯১%

পাস করেছে ৮,০১,৭১১ জন

মোট জিপিএ ৫ ৩৭,৯৬৯ জন